যে ব্যক্তি দু’টি কন্যার লালন-পালন তাদের সাবালিকা হওয়া অবধি করবে, কিয়ামতের দিন আমি এবং সে এ দু’টি আঙ্গুলের মত পাশাপাশি আসব।

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেন, “যে ব্যক্তি দু’টি কন্যার লালন-পালন তাদের সাবালিকা হওয়া অবধি করবে, কিয়ামতের দিন আমি
এবং সে এ দু’টি আঙ্গুলের মত পাশাপাশি আসব”। অতঃপর তিনি তাঁর আঙ্গুলগুলি মিলিত করে (দেখালানে)।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

এ হাদীসটিতে কন্যা সন্তান লালন পালনের ফযীলত বর্ণনা করা হয়েছে। কারণ, মেয়েরা সাধারণত কম বুদ্ধিমান ও দুর্বল। অধিকাংশই দেখা যায় তার পরিবার তার প্রতি যত্নবান হয় না এবং তাকে গুরুত্ব দেয় না। এ কারণেই নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেন, “যে ব্যক্তি দু’টি কন্যার লালন-পালন তাদের সাবালিকা হওয়া অবধি করবে, কিয়ামতের দিন আমি এবং সে এ দু’টি আঙ্গুলের মতো পাশাপাশি আসব।” অতঃপর তিনি তাঁর আঙ্গুলগুলি মিলিত ক’রে (দেখালেন)। অর্থাৎ, যখন দুইজন কন্যা সন্তান, বোন বা অন্য দুইজন মেয়েকে লালন-পালন করবে সে জান্নাতে রাসূলের সাথী হবে। জান্নাতে রাসূলের সাথেই থাকবে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় আঙ্গুলদ্বয় একত্র করলেন। লালন পালন বলতে সাধারণত পোশাক আশাক, খানা পিনা, বাসস্থান ইত্যাদির দায়িত্ব গ্রহণকে বুঝায়। অনুরূপভাবে শিক্ষা দীক্ষা, দিক নির্দেশনা, ভালো কাজের আদেশ দেওয়া মন্দ কর্ম থেকে ফিরিয়ে রাখা ইত্যাদিকেও বুঝায়। সুতরাং যে ব্যক্তি কন্যা সন্তানদের লালন পালন করবে সে দুনিয়া ও আখিরাত উভয় জগতে লাভবান হবেন।

https://sunnah.global/hadeeth/bn/show/3360